# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৯

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. নাজাসাত (অপবিত্রতা) দূরীকরণ ও তার বিবরণ - শিশু ছেলে ও মেয়ের পেশাব যুক্ত কাপড় পবিত্রকরণের পদ্ধতি

---

আরবী

وَعَنْ أَبِي السَّمْحِ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم: «يُغْسَلُ مِنْ بَوْلِ الْجَارِيَةِ, وَيُرَشُّ مِنْ بَوْلِ الْغُلَامِ». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ, وَصَحَّحَهُ الْحَاكِمُ

صحيح. رواه أبو داود (376)، والنسائي (158)، والحاكم (166) بسند حسن، عن أبي السمح، قال: كنت أخدم النبي صلى الله عليه وسلم، فكان إذا أراد أن يغتسل، قال: «ولني قفاك» فأوليه قفاي، فأستره به، فأتي بحسن أو حسين رضي الله عنهما، فبال على صدره، فجئت أغسله، فقال صلى الله عليه وسلم فذكر الحديث. ومع حسن إسناده إلا أني صححته لورود شواهد أخرى كثيرة له، ذكرتها بالأصل

বাংলা

২৯। আবূস সামহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ’শিশুকন্যার পেশাব লগলে ধুয়ে ফেলবে আর দুগ্ধপোষ্য পুত্র সন্তানের পেশাব লাগলে তাতে পানি ছিটা দিবে। হাকিম একে সহিহ বলেছেন।[1]

## English

Narrated Abu As-Samh (rad):

Allah’s Messenger (ﷺ) said: “The urine of a baby girl should be washed off and the urine of baby boy should be sprinkled (with water)”. [Reported by Abu Da’ud and An-Nasa’i and Al-Hakim graded it Sahih (sound)].

## ফুটনোট

[1] আবু দাউদ (৩৭৬); নাসায়ী (১৫৮); হাকিম (১৬৬) আবু সামহ হতে হাসান সনদে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমত করছিলাম। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন গোসল দেয়ার ইচ্ছে করলেন, আমাকে বললেন, তুমি আমার দিকে পিঠ করে ঘুরে দাড়াও, আমি তাই করলাম। ইতোমধ্যে হাসান অথবা হুসাইনকে সেখানে নিয়ে আসা হলো। সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিঠে পেশাব করে দিল। ফলে তা ধোয়ার জন্য উদ্যত হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত হাদীসটি বর্ণনা করেন। এ হাদীসের সনদ অত্যন্ত সুন্দর। তা না হলেও এর অনেক সমর্থক হাদীস থাকার কারণে আমি হাদীসটি সহীহ বলতাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবুস-সামহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69840

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন